

পীরগঞ্জে বারি'র উদ্যোগে মোবাইল অ্যাপস বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

পীরগঞ্জ (রংপুর) সংবাদদাতা

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট'র মহাপরিচালক ড. রফিকুল ইসলাম মডল বলেছেন- বারি উদ্ভাবিত কৃষি প্রযুক্তি সমূহের তথ্য বিনামূল্যে কম সময়ে ও সহজেই কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য বারি কৃষি প্রযুক্তি ভান্ডার নামে মোবাইল অ্যাপস তৈরী করেছে। ওই অ্যাপসের মাধ্যমে কৃষকরা বারি উদ্ভাবিত বিভিন্ন ফসলের তথ্য

ঘরে বসে সহজে জানতে পারবে। গতকাল শনিবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও উপজেলা কৃষি অফিসের যৌথ আয়োজনে কৃষি প্রযুক্তি ভান্ডার নামে মোবাইল অ্যাপস বিষয়ক কর্মশালার প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

জানা গেছে ওইদিন দুপুরে উপজেলা কৃষি অফিসের ট্রেনিং সেন্টারে কৃষি কর্মকর্তা সমীর চন্দ্র ঘোষের সভাপতিত্বে অনুষ্ঠিত ওই কর্মশালায় >> পৃষ্ঠা ৩ কলাম ৪

আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। হাতে নিবে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

পীরগঞ্জে বারি'র উদ্যোগে

>> ৪ পৃষ্ঠার পর

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন রংপুরের 'শিএসও' ও 'এফআরপি' ডা: মাজাহারুল আনোয়ার, সাপ্তাহিক বঙ্গবন্ধু পত্রিকার সম্পাদক কবি সুলতান আহমেদ সোনা। রংপুরের কৃষি প্রকৌশলী আব্দুল আজিজ প্রমুখ। ড. রফিকুল ইসলাম মডল আরও বলেন, বারি উদ্ভাবিত কৃষি প্রযুক্তি সমূহ কৃষি প্রযুক্তি ভান্ডার নামে একটি মোবাইল অ্যাপস তৈরী করেছে। যা কৃষি প্রযুক্তি ভিত্তিক একটি মোবাইল অ্যাপলিকেশন। এই অ্যাপসটি স্মার্ট ফোন ব্যবহারকারীরা তাদের মোবাইল হ্যান্ড সেটে ব্রাউজ করে ধান, গম, ছুট্টা, আলু, তৈল বীজ, ডাল, ফল, সবজি, ফুল, মসলা, পাট, তুলা ইকু ইত্যাদির তথ্য নিতে পারবেন। এর মাধ্যমে উদ্ভাবিত ফসলের উৎপাদন প্রযুক্তি রোগ-বালাই, পোকা-মাকড় ও সার ব্যবস্থাপনা সহ ব্যবহার তথ্য ঘরে বসেই জানা যাবে। এছাড়াও ওই অ্যাপসে উত্তর মতামত অপসনে উত্তর পাওয়া যাবে। পাশাপাশি বিশেষজ্ঞদের সাথে কলের মাধ্যমে পরামর্শ নেয়া ছাড়াও সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সাথে স্বল্প মূল্যে ১৬১২৩ নম্বারে ফোন করে পরামর্শ নেয়া যাবে। উদ্ভাবিত কৃষি প্রযুক্তি সমূহের তথ্য বিনামূল্যে কম সময়ে ও সহজেই কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য বারি কৃষি প্রযুক্তি ভান্ডার নামে মোবাইলের ওই অ্যাপস তৈরী করেছে। এই অ্যাপসটি এছাড়াও অনলাইন এ যে কোন স্মার্ট ফোনের ব্রাউজারে নথ্যের বৈশিষ্ট্যসমূহ ডট ডকুমেন্ট/সঠিকানা থেকে এই অ্যাপসের ওয়েব ভার্শন ব্যবহার করা যাবে। এতে অংশ গ্রহণ করেন- উপসহকারী কৃষি কর্মকর্তাগন, স্থানীয় সাংবাদিক ছাড়াও ইউনিয়ন পরিষদের তথ্য কেন্দ্রের উদ্যোক্তা, কৃষক প্রতিনিধিরা ওই কর্মশালায় অংশ নেয়।

৪। কালের কণ্ঠ

রবিবার ৬ সেপ্টেম্বর ২০১৫। ২২ ভাদ্র ১৪২২

www.kalerkantho.com, e-mail: business@kalerkantho.com

‘কৃষি প্রযুক্তি ভাণ্ডার’ অ্যাপ নিয়ে কর্মশালা

হাকিম বাবুল, শেরপুর।

শুক্রবার শেরপুরের নালিতাবাড়ী বীণা উপকেন্দ্র মিলনায়তনে হয়ে গেল বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) কৃষিবিষয়ক মোবাইল অ্যাপ ‘কৃষি প্রযুক্তি ভাণ্ডার’ নিয়ে প্রশিক্ষণ কর্মশালা। দিনব্যাপী এ কর্মশালায় ৫৫ জন প্রশিক্ষণার্থীকে অ্যাপটি কাজে লাগিয়ে মোবাইল ফোনের মাধ্যমে কৃষিভিত্তিক বিভিন্ন সেবা পাওয়ার কৌশল শেখানো হয়। এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রশিক্ষণ ও যোগাযোগ পরিচালক ড. ভাগ্যরানী বণিক। প্রশিক্ষণ দেন বারির প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সাইফুল ইসলাম। উপস্থিত ছিলেন শেরপুর খামারবাড়ীর উপপরিচালক ড. আব্দুস সালাম ও উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু সাঈদ মোল্লা।

(স্বাক্ষরিত)